



সতর্কীকরণ বিজ্ঞপ্তি

জাতিসংঘের শরণার্থী বিষয়ক সংস্থা ইউএনএইচসিআর-এর বাংলাদেশ অফিস সশ্রুতি কিছু প্রতারণামূলক কার্যকলাপ সম্পর্কে অবহিত হয়েছে, যেখানে প্রতারকেরা নিজেদের ইউএনএইচসিআর-এর প্রতিনিধি হিসেবে দাবি করছে এবং তারা ভুল্টা ইমেইল এড্রেস ব্যবহার করে বিভিন্ন কোম্পানীর কাছ থেকে দরপত্র আহবান করছে। দরপত্র আহবান যেন বাস্তব দেখায় সেজন্য তারা "admin@unhcr-bd.org", "unhcr.secy@gmail.com" এবং "secy@unhcr-ops.org" অথবা অন্যান্য বিভিন্ন ইমেইল এড্রেস ব্যবহার করে বিড / দরপত্র জমা দেয়ার আহবান করে। এই প্রতারকেরা প্রতারণার লক্ষ্যে বাংলাদেশের সাপ্লায়ার কোম্পানীগুলোর ও তাদের স্টাফদের ব্যক্তিগত ও আর্থিক তথ্য সংগ্রহ করে অথবা তাদের কাছ থেকে বিভিন্ন দ্রব্য-সামগ্রী নিয়ে থাকে।

এ বিষয়ে সকলের মনোযোগ আকর্ষণ করে জানানো যাচ্ছে যে, ইউএনএইচসিআর বিজ্ঞাপন বা ক্রয়-সংক্রান্ত কার্যক্রমের জন্য @unhcr-bd.org, @gmail.com এবং @unhcr-ops.org ডোমেইনের ইমেইল এড্রেস ব্যবহার করে না। তাই আমরা বাংলাদেশের সকল ব্যবসায়ী ও কোম্পানীদের সতর্ক থাকার জন্য অনুরোধ করছি এবং আরও অনুরোধ করছি:

১. এই ধরনের ডোমেইন, বা সন্দেহজনক যোগাযোগের ঠিকানা সহ আসা কোনও ইমেইলের উত্তর দিবেন না। আপনি যদি নিচে উল্লেখিত বাংলাদেশে ক্রয়-সংক্রান্ত কার্যক্রমের জন্য ইউএনএইচসিআর-এর অফিসিয়াল ইমেইল এড্রেস ব্যতীত অন্য কোন ঠিকানা থেকে টেন্ডার প্রক্রিয়ায় অংশগ্রহণের কোন অনুরোধ পান, তবে দয়া করে এটি উপেক্ষা করুন; এবং
২. অগ্রিম অর্থপ্রদান এবং/অথবা ফি এর জন্য অনুরোধ করে এমন যে কোনো টেন্ডার-সম্পর্কিত বিজ্ঞপ্তি বা বার্তার ব্যাপারে সতর্ক থাকুন। ইউএনএইচসিআর-এ এই ধরনের অর্থ লেনদেনের প্রয়োজন হয় না; এবং
৩. টেন্ডার সংক্রান্ত তথ্যের ব্যাপারে কঠোর গোপনীয়তা বজায় রাখুন এবং নীচে উল্লেখিত ইউএনএইচসিআর-এর ইমেইল এড্রেস ছাড়া অননুমোদিত ব্যক্তি বা তৃতীয় পক্ষের সাথে এ সংক্রান্ত তথ্যের আদান-প্রদান থেকে বিরত থাকুন; এবং
৪. টেন্ডার অফার সম্পর্কিত কোনও সন্দেহজনক অনুরোধ দেখলে নিচে উল্লেখিত যে কোন একটি ইমেইল এড্রেস বরাবর অনতিবিলম্বে ইউএনএইচসিআর বাংলাদেশ অফিসে রিপোর্ট করুন।

বিশেষ দৃষ্টব্য: ইউএনএইচসিআর-এর প্রকিউরমেন্টের অফিসিয়াল ইমেইল ঠিকানাগুলি শুধুমাত্র নিম্নরূপ-

bgdcosup@unhcr.org ও bgdfrd@unhcr.org

যে কোন প্রশ্ন বা উদ্বেগ থাকলে উপরে উল্লেখিত ইমেইল এড্রেসগুলোর যে কোনো একটিতে ইউএনএইচসিআর বাংলাদেশ-এর সাথে সরাসরি যোগাযোগ করতে পারেন।

ইউএনএইচসিআর এ ধরনের প্রতারণামূলক কার্যকলাপ প্রতিরোধ এবং সাপ্লায়ারদের স্বার্থ রক্ষার জন্য প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণে প্রতিশ্রুতিবদ্ধ। তবে, তৃতীয় পক্ষ অথবা অন্য সাপ্লায়ার দ্বারা সংঘটিত কোনো প্রতারণার জন্য কোনো ক্ষতি বা লোকসানের জন্য ইউএনএইচসিআর বাংলাদেশ দায়ী থাকবে না।

যদি কোন সরবরাহকারী প্রতারণামূলক কার্যকলাপে জড়িত থাকে বা ইউএনএইচসিআর-কে মিথ্যা তথ্য প্রদান করে, তবে তাকে জবাবদিহির আওতায় আনা হবে এবং যথাযত আইনী পদক্ষেপের সম্মুখীন হতে হবে।

আপনার সহযোগিতা ও অনুধাবনের জন্য ধন্যবাদ।

ইউএনএইচসিআর বাংলাদেশ